নেত্রকোণা সদর উপজেলা পরিষদের মার্চ ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যাবিবরণী :

মোঃ আতাউর রহমান, চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা

উপজেলা পরিষদ সভা কক্ষ।

১৮.০৩.২০২৪

সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক, খ ও গ দ্রষ্টব্য :

উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান,উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| [illegible] | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত চূড়ান্ত প্রকল্পের পিআইসির কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে এবং টেন্ডার প্রক্রিয়ায় অনুমোদিত প্রকল্পগুলো কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>তাছাড়া উপজেলা প্রকৌশলী জানান উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তাসমূহ, ড্রেন মেরামত ও সীমানা প্রাচীর জরুরি ভিত্তিতে রং করা প্রয়োজন। উক্ত রাস্তা, ড্রেন মেরামত ও সীমানা প্রাচীর রং করার জন্য ৫৮,৭১,০৭৪.০০ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি উক্ত প্রাক্কলন অনুমোদন ও ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির " ভবনাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতের আওতায় ৫৮,৭১,০৭৪.০০ (আটান্ন লক্ষ একাত্তর হাজার চুয়াত্তর) টাকা বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:<br><br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নেত্রকোণা জেলার সদর উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প(৬ষ্ঠ পর্যায়) এর আওতায় উপপ্রকল্প নম্বর-2021-22-457274-01উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচুনিচু বেঞ্চ সুষ্ঠু ও সুন্দরভাবে সরবরাহ করা হয়েছে। তিনি উক্ত প্রকল্পের বিল পরিশোধের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের অনুরোধ জানান।<br><br>২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় নারী উন্নয়ন খাতে এডিপির বরাদ্দ দ্বারা সেলাই মেশিন সরবরাহ করার জন্য আলোচনা হয়। | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত প্রকল্প দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তাসমূহ, ড্রেন মেরামত ও নিরাপত্তা ওয়াল মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলী দপ্তর কর্তৃক প্রস্তুতকৃত ৫৮,৭১,০৭৪.০০ (আটান্ন লক্ষ একাত্তর হাজার চুয়াত্তর) টাকা এবং ও ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির মাধ্যমে " ভবনাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতের আওতায় ৫৮,৭১,০৭৪.০০ (আটান্ন লক্ষ একাত্তর হাজার চুয়াত্তর) টাকা বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নেত্রকোণা জেলার সদর উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প(৬ষ্ঠ পর্যায়) এর আওতায় উপপ্রকল্প নম্বর-2021-22-457274-01উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচুনিচু বেঞ্চ সরবরাহের বিল পরিশোধের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় নারী উন্নয়ন খাতে এডিপির বরাদ্দ দ্বারা সেলাই মেশিন সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। বিদ্যালয়ে নিয়মিত শিক্ষকদের ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। বিদ্যালয়ের আশ-পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান কয়েকটি বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন এবং ঝড়ে পড়ে যাওয়া গাছ নিলামে বিক্রয় প্রয়োজন। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকোজো আছে তা সরেজমিন পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ- সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(চ) বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন এবং ঝড়ে পড়ে যাওয়া গাছ নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, রবি/২০২৩-২৪ মৌসুমে বোরো আবাদ লক্ষ্যমাত্রা ২১,৭৮০ হেক্টর নির্ধারণ করা হয়। অর্জন হাইব্রিড ৫০০০ হেক্টর, উফশী ১৬,৭৮০, স্থানীয় ০ সর্বমোট ২১,৭৮০ হেক্টর। মাঠে আবাদকৃত বোরো ফসলের সার্বিক অবস্থা ভাল। উপ-সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে ফসলের পোকা মাকড় ও রোগবালাই দমনসহ অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। প্রাকৃতিক কোন প্রকার দুর্যোগ না আসলে ভাল ফলন আশা করেন।<br>গত ২৭/০৩/২২৪ তারিখ পর্যন্ত রাসায়নিক সার ইউরিয়া-৫১৩ মে:টন, টিএসপি-১৬১ মে:টন, এমপিও-১৫২ মে:টন, ডিএপি-৩২৪ মে:টন মজুত আছে। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপস গ্রুপে প্রদান করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-১৬৮০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-৭১৫০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-২৬৬০টি, হাঁস-মুরগীর চিকিৎসা ৭১৫০০টি এবং কৃত্রিম প্রজনন-১০৭৭ টি। নেত্রকোণা সদর উপজেলায় গবাদিপশুর খামার সংখ্যা ৭৮৮টি। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে অসহায় ও দু:স্থদের মধ্যে বিতরণের জন্য ২৫৬.৪৩ মে:টন ভিজিএফ চাল ইউনিয়ন বিতরণের জন্য ডিও প্রদান করা হয়েছে। কোন গরীব লোক যাতে বাদ না পড়ে সেদিকে দৃষ্টি রাখার জন্য ইউপি | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় দ্রুত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর থেকে গরীব ও দরিদ্রদের মাঝে ৪৬ বান্ডেল টিন ও ১,৩০,০০০/- বরাদ্দ পাওয়া গেছে এবং ১.৫০ কি: মি: এইচবিবি রাস্তার কাজ শুরু হয়েছে। তাছাড়া টিআর ও কাবিখা ৩য় পর্যায়ের বরাদ্দের মেয়াদ ৩০ এপ্রিল ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।<br><br>চেয়ারম্যান, চল্লিশা ইউপি জানান তার ইউনিয়নের চড়পাড়া গ্রামে ঘোংগিয়াজুরি খালের উপর একটি কালভার্ট নির্মাণ করা প্রয়োজন। উক্ত কালভার্ট নির্মাণ করা হলে বর্ষাকালে জনগণের চলাচলে সহজ হবে। | (খ) চড়পাড়া গ্রামে ঘোংগিয়াজুরি খালের উপর একটি কালভার্ট নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| [illegible] | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য সুরক্ষায় মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন এর আওতায় জলাশয়ে অবৈধ বাঁধ নিরসন কার্যক্রম চলমান রয়েছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ইউপি চেয়ারম্যানগণকে জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারনের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নেত্রকোণা সদর নেত্রকোণা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | তিনি জানান তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান কেগাতী, মৌগাতী এবং লক্ষীগঞ্জ ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মেরামতের কাজ চলমান রয়েছে। তাছাড়া যেসকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পুরাতন গাছ রয়েছে সেগুলো নিলাম প্রক্রিয়া গ্রহণ করা হবে। | (ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি<br>সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারী তথ্য দেয়ার সিদ্ধান্ত হয়। প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভাবে টানানোর সিদ্ধান্ত হয়।<br>(ঘ) কেগাতী, মৌগাতী ও লক্ষীগঞ্জ ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেরামতের কাজ দ্রুত শেষ করতে হবে এবং পুরাতন গাছগুলো নিলাম প্রক্রিয়া গ্রহণ করতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে নেত্রকোনা সদর উপজেলায় প্রাপ্ত বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার বরাদ্দ যথাক্রমে ৯৮৪ ও ১৬৯০। | (ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, সদর, নেত্রকোণা<br><br>চেয়ারম্যান ইউনিয়ন |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (ঘ) প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনগুলো পে-রোল রাখতে পরবর্তী কার্যক্রমের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিষদ (সকল) |
| ৯. | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান ২০২৩-২০২৪ চক্রের অক্টোবর/২০২৩ মাসের ভিডব্লিউবি নেত্রকোণা সদর উপজেলার ডিও জারী করা হয়েছে। ভিডব্লিউবি তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইটে প্রেরণ করা হয়েছে। বরাদ্দ না থাকায় জানুয়ারী/২৪ মাসে ডিও প্রদান করা সম্ভব হয় নাই। ২০২১-২২, ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সদর উপজলার ১২টি ইউনিয়ন ও নেত্রকোণা পৌরসভার ভাতাভোগীদের জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ অব্যাহত আছে। জুলাই/২৩- জুন/২৪ পর্যন্ত প্রতি মাসের ০১-২০ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে নীতিমালার আলোকে। | (ক) বিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরী ভিত্তিতে পূরণ করতে হবে।<br><br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নলকূপ যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর<br>চেয়ারম্যান, মৌগাতী ও চল্লিশা ইউপি। |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, জোড়াবাড়ী বাসাভবনে উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তার কার্যালয় এবং জাতীয় মহিলা সংস্থার (তথ্য কেন্দ্র) কার্যালয় রয়েছে। উক্ত অফিস দুইটির ভাড়া উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা হচ্ছে। জমাকৃত ভড়ার পরিমান ৪,৬১,১০০/- টাকা। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৭/০৮/২০১৭ তারিখের ৭৮৭ নং স্মারকমূলে জোড়াবাড়ীর ভাড়া উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হিসাব এ জমা নির্দেশনা রয়েছে। সে প্রক্ষিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জমাকৃত ভাড়া বাবদ ৪,৬১,১০০/- টাকা যৌথ স্বাক্ষরে পরিচালিত জোড়াবাড়ী , বিআরডিবি, নেত্রকোণা সদর," শিরোনামের সঞ্চয়ী হিসাব নং-৩৫১৩১০০০১৯৬৮৪ এ স্থানান্তর করার জন্য অনুরোধ জানান। তাছাড়া তিনি আরো জানান উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋন (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। এছাড়া সরকারের এডিপিভুক্ত দুইটি প্রকল্প-অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এবং দারিদ্র বিমোচনের জন্য পুষ্টিসমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর |

CamScanner

<table>
<tr>
<td></td>
<td>
বাজারজাতকরণ কর্মসূচি চলমান রয়েছে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। অগ্রগতি নিম্নরূপ :

<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৩-২০২৪ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত, অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮৩টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>৫৫ জন</td><td>৬৯১৮জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>১.৫৮ লক্ষ</td><td>৯২.৫৫ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>৪০ জন</td><td>৩০৭০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>৯৬.৩১ লক্ষ</td><td>২০৫১.৯৪ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৫১.৯৪ লক্ষ</td><td>১৬৩৭.৬১ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন</td><td>-</td><td>৪৮ টি</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>সমবায় [illegible]</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১৪০ টি সমবায় সমিতির মধ্যে ৬৫ টি সমবায় সমিতির অডিট সম্পাদন হয়েছে। ২০২২-২০২৩ সনে অডিট ফি বাবদ ২৫.০৯০/- এবং ১৫% ভ্যাট বাবদ ৩৭৬৪/- আদায় করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে সম্পাদিত অডিটের ভিত্তিতে সমবায় উন্নয়ন তহবিলে ১১.৪৬২ টাকা আদায় করা হয়েছে।হাতকুন্ডলী আশ্রয়ণ প্রকল্পে ২১.০০.০০০/- ঘূর্ণায়মান ঋন প্রদান করা হয়েছে। তাছাড়া মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত আশ্রয়নসমূহের মধ্যে এ পর্যন্ত ৪টি আশ্রয়নে সমবায় সমিতি নিবন্ধন করা হয়েছে। আরো ০২টি আশ্রয়নে সমবায় সমিতি নিবন্ধন কাজ চলমান রয়েছে।</td>
<td>মুজিববর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিতরণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ধান ও চালের বাজার দর মনিটরিং করা হচ্ছে।</td>
<td>(ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমান মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওএমএস চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>উপজেলা যুব উন্নয়ন</td>
<td>
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান আগামী ০৪ নভেম্বর জাতীয় দিবস উদযাপন করা হবে। সকলকে জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। ডিসেম্বর/২৩ মাসে যুব কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ ঃ

<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>৩,০,৭৬,৭০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>১,৮৭,০০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৪৮,৪২,,৩৭১/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২,৪২,৩১,৭৪৭/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>২,১০,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>২,১০,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উর্ত্তীন খেলাপী পরিমান</td><td>৫,৭৪,৬২৪/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋন খেলাপী আদায়</td><td>২০,০০০/-</td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপীর পরিমান</td><td>৯,৭৪০/-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>২২৬০/-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৭৩ জন</td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋন সংখ্যা</td><td>৭৬৭ জন</td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋন সংখ্যা</td><td>২৩১ জন</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td>
</tr>
</table>

CamScanner

<table>
<tr><td></td><td></td><td><table>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৩০০ জন</td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৬০৯৫ জন</td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>৬৪ জন</td></tr>
<tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪০৪৯ জন</td></tr>
</table></td><td></td><td></td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, নতুন ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের মাঝে বিনামূলে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ, মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। ২০২৪ সালে এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার কার্যক্রম চলমান, শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির আবেদন যাচাই-বাছাই এবং জেলা শিক্ষা অফিসে প্রেরণ, জাতীয় দিবস পালন সংক্রান্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ এবং শ্রেণি শিক্ষকগণের তালিকা প্রেরণ সংক্রান্ত কার্যক্রমসহ সরকারি অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td><td>(ক) প্রতি মাসে ০৩ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত বিদ্যালয় /মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৬</td><td>পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, অর্থনৈতিক সমন্বয়কারী ২০২৩ শুরু করা হবে। তিনি সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন ফেব্রুয়ারি ২০২৪ মাসের অগ্রগতি নিম্নলিখিতভাবে উপস্থাপন করেন।<table>
<tr><td>কার্যক্রমের নাম</td><td>বিতরণের পরিমান</td><td>আদায়যোগ্য</td><td>আদায়</td><td>আদায়ের হার</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>১৭৫.৩৯</td><td>২০২.১৭</td><td>১৯৮.২৭</td><td>৯৮%</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা</td><td>১৪০.২০</td><td>১৫৮.৪১</td><td>১৫৬.৮৪</td><td>৯৯%</td></tr>
<tr><td>উদ্যোক্তা ঋন সেল্প</td><td>১০৫.০০</td><td>১৪১.০৯</td><td>১৩৯.৭০</td><td>৯৯%</td></tr>
<tr><td>প্রণোদনা ২য় পর্যায়</td><td>১৩১.০০</td><td>২২.২২</td><td>২৫.২২</td><td>১০০%</td></tr>
</table></td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৮</td><td>বন বিভাগ</td><td>প্রতিনিধি বন বিভাগ জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা বন সংরক্ষন অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক এর খেলাপী ঋন আদায়ের জন্য জজ কোর্ট এ প্যানেল আইনজীবী নিয়োগ করা হয়েছে। খেলাপী সদস্যদের আইনি প্রক্রিয়ায় খেলাপী টাকা আদায়ের ব্যবস্থা নেয়া হবে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২০</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জরুরী বিভাগের সেবার মান উন্নত করা হয়েছে এবং হাসপাতাল পরিস্কার পরিচ্ছন রাখা হয়।</td><td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরণের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদান করা হয় তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) কমিউনিটি ক্লিনিকগুলোতে</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। | |
| [illegible] | উপজেলা ফিসিলিটেটর জানান স্থানীয় সরকারকে শক্তিশালীকরণের জন্য উপজেলা ওয়েব পোর্টাল আপডেট করতে হবে। তিনি উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রনয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল)<br>ইউপি চেয়ারম্যান (সকল) | |
| [illegible] অবহিতকরণ | উপজেলা প্রকৌশলী জানান যে, সরকারি বিধি মোতাবেক বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সভায় অনুরোধ জানান। | সরকারী বিধি মোতাবেক কমিটিগুলো অনুমোদিত ও গৃহীত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | - |
| জন্ম ও মৃত্যু নিবন্ধন [illegible] | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। তিনি জানান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। ইউনিয়ন পরিষদ থেকে প্রাপ্ত গত ফেব্রুয়ারি ২০২৪ মাসের জন্ম মৃত্যু নিবন্ধনের কার্যক্রমের তথ্যাদি পরিশিষ্ট 'গ' সভায় উপস্থাপন করা হয়। | জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০৩.২০২৪ তারিখ হতে ২৮.০৩.২০২৪ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ২৩.৪৩.৬৩৭/৬০ টাকা এবং ব্যয় ৫,২৯.৪৭৭/- টাকা। ব্যাংক স্থিতি ৩,০৬.০৯,৮৯৭.৯৯ টাকা। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২৪ মাসের আপ্যায়ন,আনুষংগিক বিল,পত্রিকার বিল ও ইন্টারনেট বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার বাবদ বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) উপজেলা পরিষদের চেয়ারম্যান এর জীপ গাড়ির জ্বালানী বিল বিধি মোতাবেক পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) সর্বজনীন পেনশন স্কীমের ব্যানার ও লিফলেট প্রস্তুতকরণের বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হ।<br>(ঙ) উপজেলা পরিষদের ইন্টারনেট বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| বিবিধ-২ | মৌগাতী, আমতলা ও চল্লিশা, লক্ষীগঞ্জ ইউনিয়নের রাস্তায় গাছ জরাজীর্ণ অবস্থায় রয়েছে। উক্ত গাছগুলো নিলামে বিক্রয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল ইউনিয়নে রাস্তার গাছ জরাজীর্ণ অবস্থায় রয়েছে সেগুলোর তালিকার দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | মৌগাতী, আমতলা ও চল্লিশা, লক্ষীগঞ্জ ইউনিয়নের রাস্তায় জরাজীর্ণ গাছ নিলামে বিক্রয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল ইউনিয়নে রাস্তার গাছ জরাজীর্ণ অবস্থায় রয়েছে সেগুলোর তালিকার দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা শিক্ষা অফিসার<br>চেয়ারম্যান, ইউপি (সকল) |
| বিবিধ-৩ | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং সেবায় সহনীয় মূল্য নির্ধারণ বিষয়ে আলোচনা হয়। তাছাড়া ইউডিসির মাধ্যমে এবং ইউনিয়ন পরিষদ থেকে প্রদত্ত সেবাসমূহের সেবামূল্য নির্ধারণ বিষয়ে আলোচনা হয়।<br><br>সভায় জানানো হয় সার্বজনীন পেনশন স্কীমে জনগণকে আরো বেশি সম্পৃক্ত এবং স্কীমে জনগণের অংশগ্রহণ ও রেজিস্ট্রেশন কার্যক্রম সহজলভ্য | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) যত দ্রুত সম্ভব সকল ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবদের নিয়ে ইউডিসি প্রদত্ত সেবাসমূহের সেবামূল্য নির্ধারণ সভা করতে হবে।<br>(গ) সকল ইউনিয়ন পরিষদে একটি | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান, ইউপি (সকল) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতে সকল ইউনিয়ন পরিষদে একজন উদ্যোক্তার মাধ্যমে একটি স্থায়ী রেজিস্ট্রেশন বুথ স্থাপন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা রয়েছে।<br><br>এমতাবস্থায়, সকল ইউনিয়ন পরিষদে একটি সার্বজনীন পেনশন স্কীমের রেজিস্ট্রেশন বুথ স্থাপন এবং প্রতিমাসে কমপক্ষে ২০ জনের সর্বজনীন পেনশন রেজিস্ট্রেশন সম্পন্ন করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। | সার্বজনীন পেনশন স্কীমের রেজিস্ট্রেশন বুথ স্থাপন এবং প্রতিমাসে কমপক্ষে ২০ জনের সর্বজনীন পেনশন রেজিস্ট্রেশন সম্পন্ন করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সর্বজনীন পেনশন স্কীমের ব্যানার প্রস্তুত বাবদ ব্যয় ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৮ | বিবিধ-৪ | প্রতিটি ইউনিয়নের গরুত্বপূর্ণ সড়ক ও সেতুসমূহ বীর মুক্তিযোদ্ধাগণের নামে নামকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান ইউনিয়নের গরুত্বপূর্ণ সড়ক বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ করে ইউনিয়ন পরিষদ সভার কার্যবিবরণীসহ তালিকা প্রেরণ করেছেন। তারা পরিশিষ্ট 'গ' মোতাবেক বীর মুক্তিযোদ্ধাদের নামে রাস্তার নামকরণের জন্য অনুরোধ জানান। | ইউনিয়নের গরুত্বপূর্ণ সড়ক বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণের তালিকা পরিশিষ্ট 'গ' অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আতাউর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯- 289

তারিখ : ২৮ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.মাননীয় সংসদ সদস্য, ১৫৮, নেত্রকোণা-০২।
২.সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. উপজেলা...........................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৮. চেয়ারম্যান,...............................ইউনিয়ন পরিষদ(সকল) নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৯. .........................................................................................................

(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা